গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

**বিষয়: ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' পালনের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে ২৩ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কর্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আব্দুল মান্নান ইলিয়াস, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর।
সভার তারিখ : ২৩ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ
সভার সময় : সকাল ১০.০০ টা
সভার স্থান : গণগ্রন্থাগার অধিদপ্তরের সম্মেলন কক্ষ ।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং প্রশাসন শাখার সহকারী পরিচালক জনাব মোহাম্মদ হামিদুর রহমান-কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে সভায় অলোচ্যসূচী অনুযায়ী নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | ইভেন্ট | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|---|
| ১. | প্রতিপাদ্য বিষয় | প্রতিপাদ্য বিষয়ে সভাকে অবহিতকরণ | সভায় 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর জন্য স্লোগান নির্ধারণের নিমিত্ত সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য/কর্মকর্তাবৃন্দদের নিকট আহবান জানান। এর প্রেক্ষিতে সদস্য/কর্মকর্তাগণ নিম্নোক্ত স্লোগান দুটির মধ্যে যে কোন ১টি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর প্রতিপাদ্য বিষয় হিসেবে ব্যাপক প্রচার এবং সকল অনুষ্ঠানে তা ব্যবহার করার প্রস্তাব রাখেন:<br>(১) **'গ্রন্থাগারে বই পড়বো বঙ্গবন্ধুর স্বপ্ন ধরবো'**<br>(২) **'গ্রন্থাগারে বই পড়বো বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো'** | নিম্নোক্ত স্লোগান দুটির মধ্যে যে কোন ১টি ৩য় জাতীয় গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য হিসেবে সকল অনুষ্ঠানে ব্যবহার ও ব্যাপকভাবে প্রচার করার প্রস্তাব গৃহীত হয়:<br>(১) **'গ্রন্থাগারে বই পড়বো বঙ্গবন্ধুর স্বপ্ন ধরবো'**<br>(২) **'গ্রন্থাগারে বই পড়বো বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো'**<br>উপর্যুক্ত দুটি স্লোগান হতে 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর জন্য ১টি স্লোগান নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ২. | র‍্যালি | জাতীয় ও বিভাগ/জেলা পর্যায়ে র‍্যালিতে অংশগ্রহণ | (১) জাতীয় গ্রন্থাগার দিবসের শুরুতে জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে অনুষ্ঠেয় র‍্যালিতে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক সর্বোচ্চ-সম্ভম সংখ্যক অংশগ্রহণকারীসহ অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(২) বিভাগীয় ও জেলা পর্যায়ের র‍্যালির বাস্তবায়ন সংশ্লিষ্ট স্থানীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>(৩) জাতীয়/বিভাগীয়/জেলা পর্যায়ে অনুষ্ঠেয় র‍্যালিতে বাধ্যতামূলকভাবে | (১) জাতীয় গ্রন্থাগার দিবসের শুরুতে জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক সর্বোচ্চ-সম্ভম সংখ্যক অংশগ্রহণকারীসহ অনুষ্ঠেয় র‍্যালিতে অংশগ্রহণ করবে।<br>(২) বিভাগীয় ও জেলা পর্যায়ের র‍্যালির বাস্তবায়ন সংশ্লিষ্ট স্থানীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হবে।<br>(৩) জাতীয়/বিভাগীয়/জেলা পর্যায়ে অনুষ্ঠেয় র‍্যালিতে বাধ্যতামূলকভাবে টি-শার্ট, ক্যাপ, ব্যানার, ফেস্টুন, বেলুন, ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ি, ঘোড়ার গাড়ি ইত্যাদি থাকবে। এছাড়াও, | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর, সকল জেলা প্রশাসন, জতীয় গ্রন্থ কেন্দ্র, বাংলাদেশ শিশু একাডেমি, ব্র্যাক, ব্রিটিশ কাউন্সিল, ল্যাব, বেলিড, বেসরকারি গ্রন্থাগার সমিতি, বিভিন্ন শিক্ষা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | টি-শার্ট, ক্যাপ, ব্যানার, ফেস্টুন, বেলুন, ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ি, ঘোড়ার গাড়ি ইত্যাদি থাকবে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়াও, র‍্যালি শেষে ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়িগুলো ঢাকাসহ বিভাগীয়/জেলা শহরের বিভিন্ন রাস্তায় প্রদক্ষিণ করে 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' সম্পর্কে জনসাধারণকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(৪) দেশের সর্বত্র অনুষ্ঠেয় র‍্যালিতে একই ডিজাইনের টি-শার্ট ও ক্যাপ পরিদানের বিষয়ে সভায় আলোচনা হয়। অত্র অধিদপ্তর কর্তৃক প্রেরিতব্য ডিজাইন/নমুনা এবং লোগো অনুযায়ী বিভাগীয় ও জেলা পর্যায়ে স্থানীয় কমিটি তাদের স্ব-স্ব টি-শার্ট ও ক্যাপ তৈরির ব্যবস্থা গ্রহণ করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | র‍্যালি শেষে ভ্রাম্যমাণ লাইব্রেরির গাড়িগুলো ঢাকাসহ বিভাগীয়/জেলা শহরের বিভিন্ন রাস্তায় প্রদক্ষিণ করে 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' সম্পর্কে জনসাধারণকে অবহিত করবে।<br>(৪) দেশের সর্বত্র অনুষ্ঠেয় র‍্যালিতে একই ডিজাইনের টি-শার্ট ও ক্যাপ পরিদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। অত্র অধিদপ্তর কর্তৃক প্রেরিতব্য ডিজাইন/নমুনা এবং লোগো অনুযায়ী বিভাগীয় ও জেলা পর্যায়ে স্থানীয় কমিটি তাদের স্ব-স্ব টি-শার্ট ও ক্যাপ তৈরির ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান। |
| ৩. | আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | জাতীয় ও বিভাগীয়/জেলা শহরে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | (১) গণগ্রন্থাগার অধিদপ্তরের শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে দিবসের মূল আলোচনা অনুষ্ঠিত হওয়ার বিষয়ে অলোচনা হয়।<br>(২) বিভাগীয় ও জেলা পর্যায়ে স্থানীয় কমিটি এ সংক্রান্ত আলোচনা অনুষ্ঠান এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক লেখা অসমাপ্ত আত্নজীবনী ও কারাগারের রোজনামচা বইয়ের উপর পাঠ প্রতিযোগিতার অয়োজন করে সম্মাননা/পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) গণগ্রন্থাগার অধিদপ্তরের শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে দিবসের মূল আলোচনা অনুষ্ঠিত হবে।<br>(২) বিভাগীয় ও জেলা পর্যায়ে স্থানীয় কমিটি এ সংক্রান্ত আলোচনা অনুষ্ঠান এবং জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক লেখা অসমাপ্ত অত্নজীবনী ও কারাগারের রোজনামচা বইয়ের উপর পাঠ প্রতিযোগিতার অয়োজন করে সর্বনিম্ন ০৩ (তিন) জন বিজয়ীকে বঙ্গবন্ধুর উপর লেখা বই/পাঠ্যসামগ্রী সম্মাননা/পুরস্কার হিসাবে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর এবং বিভাগীয় ও জেলা পর্যায়ে গঠিত স্থানীয় কমিটি |
| ৪. | ক্রোড়পত্র প্রকাশ | ক্রোড়পত্র প্রকাশের জন্য বাণী ও নিবন্ধ সংগ্রহ | (১) 'জতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষ্যে সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>(২) অত্র অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত সচিব), প্রশাসন ক্রোড়পত্রে অন্তর্ভুক্তির জন্য বাণী সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন এবং অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব খন্দকার অসিফ মাহতাব বাণী সংগ্রহে পরিচালক (প্রশাসন)'কে সহযোগিতা করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(৩) অত্র অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব), লাইব্রেরি উন্নয়ন ও আইসিটি ক্রোড়পত্রের জন্য নিবন্ধ প্রস্তুত করবেন। নিবন্ধ প্রস্তুতে দপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পরিচালক (উন্নয়ন)'কে সহযোগিতা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) 'জতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষ্যে সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ করা হবে।<br>(২) অত্র অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত সচিব), প্রশাসন ক্রোড়পত্রে অন্তর্ভুক্তির জন্য বাণী সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন এবং অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব খন্দকার অসিফ মাহতাব বাণী সংগ্রহে পরিচালক (প্রশাসন)'কে সহযোগিতা করবেন।<br>(৩) অত্র অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব),(উন্নয়ন) ক্রোড়পত্রের জন্য নিবন্ধ প্রস্তুত করবেন। নিবন্ধ প্রস্তুতে দপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) পরিচালক (উন্নয়ন)'কে সহযোগিতা করবেন।<br>(৪) ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, সচিব ও অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করা হবে। এছাড়াও, ক্রোড়পত্রে | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (৪) ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, সচিব ও অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বাণী অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও, ক্রোড়পত্রে গণগ্রন্থাগার অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে অত্র অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক লিখিত একটি নিবন্ধ অন্তর্ভুক্তকরণ বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত প্রকাশ করে। | গণগ্রন্থাগার অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে অত্র অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক লিখিত একটি নিবন্ধ অন্তর্ভুক্ত করা হবে। | |
| ৫. | স্মরণিকা | যথাসময়ে স্মরণিকা প্রকাশ নিশ্চিতকরণ | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(২) স্মরণিকার কনটেন্টসমূহ দ্রুত প্রস্তুত এবং তা প্রকাশ নিশ্চিত করার জন্য অত্র অধিদপ্তরের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক জনাব মোহাম্মদ জিল্লুর রহমান'কে আহ্বায়ক এবং প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক) জনাব হরেন্দ্রনাথ বসু'কে সদস্য-সচিব করে (প্রয়োজন অনুযায়ী সদস্য অন্তর্ভুক্ত করে) একটি উপকমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) স্মরণিকার কনটেন্টসমূহ দ্রুত প্রস্তুত এবং তা প্রকাশ নিশ্চিত করার জন্য অত্র অধিদপ্তরের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক জনাব মোহাম্মদ জিল্লুর রহমান'কে আহ্বায়ক এবং প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক) জনাব হরেন্দ্রনাথ বসু'কে সদস্য-সচিব করে (প্রয়োজন অনুযায়ী সদস্য অন্তর্ভুক্ত করে) একটি উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মোহাম্মদ জিল্লুর রহমান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক এবং জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক) |
| ৬. | প্রচার | প্রেস কনফারেন্সসহ টিভি চ্যানেল-সমূহে বিশেষ টকশো এবং প্রচার প্রচারণার আয়োজন | শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানে বড় আকারের ডিজিটাল ব্যানার ঝুলিয়ে প্রচারণা জোরদার করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>এছাড়াও,'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষ্যে অনুষ্ঠেয় সকল অনুষ্ঠানে (র‍্যালি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান) ধারণকরা আলোকচিত্র/ভিডিও এবং এ সংক্রান্ত বিভিন্ন লেখা দেশের জাতীয় পত্রিকাগুলোতে প্রকাশ এবং ইলেকট্রনিক মিডিয়াতে সম্প্রচারের মাধ্যমে গ্রন্থাগার দিবসের গুরুত ও প্রয়োজনীয়তা জনসাধারণের নিকট তুলে দরার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০ এর ২/১ দিন পূর্বে প্রেস কনফারেন্স এর আয়োজন করা হবে।<br>(২) বিটিভিসহ বিভিন্ন চ্যানেলে টকশোসহ বিশেষ অনুষ্ঠান আয়োজনের অনুরোধ করা হবে।<br>(৩) শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান, রাস্তার মোড়, ওভারব্রিজসহ সহজে জনগণের দৃষ্টি আকর্ষিত হয় এমন স্থানে বড় আকারের ডিজিটাল ব্যানার ঝুলিয়ে প্রচারণা জোরদার করা হবে।<br>(৪) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষ্যে অনুষ্ঠেয় সকল অনুষ্ঠানে (র‍্যালি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান) ধারণকরা আলোকচিত্র/ভিডিও এবং এ সংক্রান্ত বিভিন্ন লেখা দেশের জাতীয় পত্রিকাগুলোতে প্রকাশ এবং ইলেকট্রনিক মিডিয়াতে সম্প্রচারের ব্যবস্থাগ্রহণ করতে হবে।<br>(৫) টেলিভিশনের স্ক্রল, এফ. এম রেডিও এবং মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জাতীয় গ্রন্থাগার দিবস সম্পর্কে প্রচার করা হবে।<br>(৬) জেলাসমূহে তথ্য অফিসারগণকে সংযুক্ত করে ভিডিও প্রচারসহ স্কুল-কলেজ, মাদ্রাসা, বড় বড় হাট বাজার, গুরুত্বপূর্ণ স্থানসমূহে জাতীয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর, সকল জেলা প্রশাসন, জতীয় গ্রন্থ কেন্দ্র, বাংলাদেশ শিশু একাডেমি, ব্র্যাক, ব্রিটিশ কাউন্সিল, ল্যাব, বেলিড, বেসরকারি গ্রন্থাগার সমিতি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | গ্রন্থাগার দিবস সম্পর্কে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করা হবে। | |
| ৭. | ডিও লেটার | প্রত্যেক জেলা প্রশাসকের কার্যালয় এবং জেলা পরিষদে ডিও লেটার প্রেরণ | ৩য় বারের মত ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' অধিকতর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে সারা বাংলাদেশ ব্যাপী উদযাপনে যথাসম্ভব সহযোগিতা করার অনুরোধ জানিয়ে দেশের সকল জেলা প্রশাসক, জেলা পরিষদের চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রদের বরাবর ডিও লেটার প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' অধিকতর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে সারা বাংলাদেশ ব্যাপী উদযাপনে যথাসম্ভব সহযোগিতা করার অনুরোধ জানিয়ে দেশের সকল জেলা প্রশাসক, জেলা পরিষদের চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রদের বরাবর ডিও লেটার প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৮. | কমিটি গঠন | বিভাগীয় ও জেলা পর্যায়ে এ সংক্রান্ত স্থানীয় কমিটি গঠন | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' অধিকতর জাঁকজমক ও উৎসাহ-উদ্দীপনার সাথে উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি যেমন- র‍্যালি, আলোচনা সভা, বইপাঠ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অয়োজনের নিমিত্ত বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি গঠনের ক্ষেত্রে যথাসম্ভব জেলা প্রশাসকের কার্যালয়, সিটি কর্পোরেশন, জেলা পরিষদ এবং পৌরসভা হতে সদস্য রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় ও জেলা পর্যায়ে গঠিতব্য স্থানীয় কমিটিতে সংশ্লিষ্ট সংসদ সদস্যগণ/সিটি কর্পোরেশনের মেয়রদের উপদেষ্টা হিসেবে রেখে নিম্নোক্ত ভাবে কমিটি গঠনের জন্য মন্ত্রণালয়ে <u>প্রস্তাব প্রেরণ করতে হবে:</u><br><br>পার্বত্য জেলা পরিষদ সমূহের চেয়ারম্যান/জেলা প্রশাসক : সভাপতি<br>জেলা পরিষদের চেয়ারম্যান (পার্বত্য তিন জেলা ব্যতিত) : সদস্য<br>জেলা প্রশাসক (পার্বত্য তিন জেলা) : সদস্য<br>পুলিশ সুপার : সদস্য<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) : সদস্য<br>অধ্যক্ষ, সরকারি কলেজসমূহ : সদস্য<br>সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রতিনিধি : সদস্য<br>সংশ্লিষ্ট পৌরসভার প্রতিনিধি : সদস্য<br>উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ : সদস্য<br>জেলা শিক্ষা অফিসার : সদস্য<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : সদস্য<br>জেলা শিশু বিষয়ক কর্মকর্তা : সদস্য<br>জেলা তথ্য অফিসার : সদস্য<br>জেলা কালচারাল অফিসার : সদস্য<br>জেলা প্রতিনিধি, ব্র্যাক : সদস্য<br>প্রতিনিধি (জেলা বেসরকারি গ্রন্থাগার সমিতি) : সদস্য<br>সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা সদরে অবস্থিত- ঐতিহ্যবাহী গ্রন্থাগার : সদস্য<br>প্রধান শিক্ষক, জেলা স্কুল/জেলা সরকারি উচ্চ বিদ্যালয় : সদস্য<br>প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম-উপপরিচালক/লাইব্রেরিয়ান- বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগার : সদস্য সচিব | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৯. | বিবিধ | আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর আমন্ত্রণপত্র গত বছরের ন্যায় বিতরণ করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে একমত প্রকাশ করেন।<br><br>(২) জাতীয় ও জেলা পর্যায়ের অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে সকল প্রতিষ্ঠান নিজ নিজ অনুষ্ঠানাদি সম্পন্ন করার বিষয়েও সভায় আলোচনা করা হয়।<br><br>(৩) বিবিধ আলোচনায় সভায় উপস্থিত সকলে কৃষি মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয় ও ধর্মমন্ত্রণালয়ের আওতাধীন লাইব্রেরিসমূহকে জতীয় গ্রন্থাগার দিবসের কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে একমত প্রকাশ করেন।<br><br>(৪) ব্র্যাক ও বৃটিশ কাউন্সিল গতবছরের ন্যায় বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করবে।<br><br>(৫) বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকে | (১) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' এর আমন্ত্রণপত্র গত বছরের ন্যায় বিতরণ করা হবে।<br><br>(২) জাতীয় ও জেলা পর্যায়ের অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে সকল প্রতিষ্ঠান নিজ নিজ অনুষ্ঠানাদির আয়োজন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) কৃষি মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয় ও ধর্মমন্ত্রণালয়ের আওতাধীন লাইব্রেরিসমূহকে জতীয় গ্রন্থাগার দিবসের কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৪) ব্র্যাক ও বৃটিশ কাউন্সিল গতবছরের ন্যায় বইপাঠ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করবে।<br><br>(৫) বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকে জাতীয় গ্রন্থাগার দিবসের কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে পত্র প্রেরণ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর, সকল জেলা প্রশাসন, জতীয় গ্রন্থ কেন্দ্র, বাংলাদেশ শিশু একাডেমি, ব্র্যাক, ব্রিটিশ কাউন্সিল, ল্যাব, বেলিড, বেসরকারি গ্রন্থাগার সমিতি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জতীয় গ্রন্থাগার দিবসের কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার জন্য পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল মান্নান ইলিয়াস)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৭১২৩৪
e-mail: dg.dpl.2012@gmail.com

স্মারক: ৪৩.২৬.০০০০.০০২.২৩.৩৮০.১৫-২৬৮৫/১(৫৫)

তারিখ: ০৯ .০১.২০২০ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব আবদুল্যাহ হারুন পাশা, পরিচালক (অতিরিক্ত সচিব), প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩. জনাব এজেএম আবদুল্লাহেল বাকী, পরিচালক (যুগ্মসচিব), লাইব্রেরি উন্নয়ন ও আইসিটি, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪. জনাব এস. এম. কামরুজ্জামান, প্রকল্প পরিচালক (উপসচিব), দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৬. জনাব মোহাম্মদ জিল্লুর রহমান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক (প্রশাসন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৭. জনাব মো: শওকত আলী, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক (হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৮. জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
৯. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,...............................................................।
১০. সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,...................................................................................।
১১. লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,...................................................................................।
১২. জনাব ফিরোজা পারভীন, সহকারী পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৩. জনাব এ.এইচ.এম কামরুজ্জামান, লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৪. জনাব মোহাম্মদ হামিদুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৫. লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. জনাব সোনিয়া চৌধুরী, লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৭. জনাব দেবাশীষ ভদ্র, সহকারী পরিচালক (সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৮. জনাব খন্দকার আসিফ মাহতাব, সহকারী পরিচালক (উন্নয়ন ও আইসিটি), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৯. জনাব মোঃ মাকসুদুর রহমান, মেইনটেনেন্স সুপারভাইজার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২০. জনাব এস.এম. জহিরুল ইসলাম, সহকারী লাইব্রেরিয়ান (পাঠকসেব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২১. জনাব মোঃ হারুনর রশিদ, সহকারী লাইব্রেরিয়ান (সংগ্রহ ও বিতরণ), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২২. জনাব মোহাম্মদ অহিদুজ্জামান, সহকারী লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

২৩. জনাব শাম্মী আকতার, সহকারী লাইব্রেরিয়ান (কারিগরি প্রস্তুতিকরণ), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

২৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

২৫. অফিস কপি।

০১/০১/২০২০
(মোহাম্মদ হামিদুর রহমান)
সহকারী পরিচালক
(প্রশাসন ও হিসাব)
ফোন: ৫৮৬১৭০১৬